NSW GOVERNMENT | sydney METRO

# শহর ও দক্ষিণ-পশ্চিম

সংবাদ প্রতিবেদন (Bangla) | জুন ২০১৮



সিডনী'র নতুন মেট্রো ট্রেন

## নাগরিকদের অভিমত সিডনী মেট্রো ব্যাংকসটাউন লাইনের কাঠামোগত মানোন্নয়নে সহায়তা করে

নাগরিকদের অভিমত অনুসরণ করে, ব্যাংকসটাউন লাইনে হ্রাসকৃত বন্ধাবস্থা থাকবে যখন এটাকে সিডনী মেট্রো আদর্শে মানোন্নয়ন করা হবে।

সিডনি মেট্রোর সিডেনহ্যাম থেকে ব্যাংকসটাউন অংশের নাগরিকদের অভিমত অনুসরণ করে ব্যাংকসটাউন লাইনের স্টেশন গুলোর ১২২-বছরের পুরোনো ঐতিহ্যগত বৈশিষ্ট্যও সংরক্ষন করা হবে।

সিডনী'র দক্ষিণ-পশ্চিমের গ্রাহকগণ অধিক ট্রেন, দ্রুততম সময়ে ভ্রমণ এবং স্টেশন গুলোতে সহজতম প্রবেশসহ বিশ্ব মানের সিডনী মেট্রো সার্ভিস প্রত্যাশা করতে পারেন।

ব্যাংকসটাউন লাইনে সকালের ব্যস্ততম সময়ে বর্তমানে প্রতি ঘন্টায় ৪ থেকে ১০টি ট্রেন রয়েছে, কিন্তু যখন সিডনী মেট্রো সার্ভিস চালু হবে, তখন ব্যস্ততম সময়ে ঘন্টায় ১৫টি সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত ট্রেন এবং সর্বনিম্ন ব্যস্ত সময়ে ঘন্টায় ৬টি ট্রেন থাকবে।

### প্রতিটি স্টেশনের জন্য লিফট

| স্টেশন | বর্তমান লিফট সুবিধা | মানোন্নয়নকৃত স্টেশনে লিফট সুবিধা |
|---|---|---|
| ব্যাংকসটাউন | ✓ | ✓ |
| পাঞ্চবৌল | ✗ | ✓ |
| উইলি পার্ক | ✗ | ✓ |
| লাকেম্বা | ✓ | ✓ |
| বেলমোর | ✓ | ✓ |
| ক্যাম্পসী | ✓ | ✓ |
| ক্যান্টারবেরি | ✗ | ✓ |
| হার্লস্টোন পার্ক | ✗ | ✓ |
| ডালুইচ হিল | ✗ | ✓ |
| ম্যারিকভিল | ✓ | ✓ |
| সিডেনহ্যাম | ✓ | ✓ |

### নতুন সিডনী মেট্রো'র সেবা সমূহ

ব্যস্ততম সময়ে
**প্রতি ৪ মিনিটে**

সর্বনিম্ন ব্যস্ত সময়ে
**প্রতি ১০ মিনিট**

সিডনী মেট্রোর সকল স্টেশন গুলোতে প্লাটফর্ম এবং ট্রেনের মাঝে সমতল প্রবেশ পথ থাকবে - ট্রেনে ঢোকার মুহূর্তে কোনো ফাঁকা জায়গা অথবা ওপরে পা তুলে ওঠার মতো ব্যাপার আর থাকবে না







sydneymetro.info
১৮০০ ১৭১ ৩৮৬
sydneymetro@transport.nsw.gov.au

সিডেনহ্যাম থেকে ব্যাংকসটাউনের যাত্রীগণ একটি শিল্প-কলা রাজ্যে মেট্রো সার্ভিসের সকল বৈশিষ্ট্য উপভোগ করবেন অথচ মানোন্নয়নগত নির্মাণ কাজ চলাকালীন প্রভাব থাকবে সামান্য।

- দুই বছরের স্থলে এক বছরে প্রত্যেক স্টেশনের মানোন্নয়ন সম্পন্ন
- ঐতিহ্যগত দালান সংরক্ষণ ও পুনঃ ব্যবহার
- ব্যাংকসটাউন লাইনে হ্রাসকৃত বন্ধাবস্থার মাধ্যমে স্বল্প ব্যাঘাত
- ক্ষুদ্র নির্মাণ এলাকা ও স্থানীয় ব্যবসার স্বল্প ব্যাঘাত
- স্বল্প সংখ্যক বৃক্ষ অপসারণ
- যানবাহন চলাচলে সামান্য পরিবর্তন আর অধিকাংশ সময়ে রেল সেতু গুলো খোলা থাকবে
- বর্তমানে বিদ্যমান ঝুলন্ত তার আর রেল লাইনর অবকাঠামো পুনঃব্যবহারের মাধ্যমে কম পরিমান রেল লাইনের কাজ



হার্লস্টোন পার্ক স্টেশনের শৈল্পিক ছাপ

## সিডনী মেট্রো - বাস্তবতা সমূহ

### পুনরাবৃত্তির হার

যখন ২০২৪ সালে সার্ভিস শুরু হবে, ব্যস্ততম সময়ে উভয় দিকে কমপক্ষে ১৫টি ট্রেন চলবে, ভবিষ্যতে প্রচুর জায়গা বৃদ্ধির সম্ভাবনা সহ। বর্তমানে ব্যাংকসটাউন লাইনের স্টেশন গুলোতে সকালের ব্যস্ততম সময়ে প্রতি ঘন্টায় ৪ থেকে ১০টি ট্রেন আছে।

বর্তমানে
প্রতি ঘন্টায় ৪-১০টি

সিডনী মেট্রো
প্রতি ঘন্টায় ১৫টি

### ধারণ ক্ষমতা

সিডনী মেট্রো ব্যাংকসটাউন লাইনে সকালের তিন-ঘন্টা ব্যাপি ব্যস্ততম সময়ে, উভয় দিকে ৫১,০০০ যাত্রী পরিবহন করতে সক্ষম হবে - যা বর্তমানের চেয়ে অতিরিক্ত ১৫,০০০ যাত্রী।

NSW GOVERNMENT

### সরকারী মালিকানা

এনএসডব্লিউ সরকার সিডনী মেট্রো অবকাঠামো, যেমন স্টেশন, ট্রেন এবং রেলপথের মালিক।

### আসন বিন্যাস

তিন ঘন্টাব্যাপি সকালের ব্যস্ততম সময়ে, সিডনী মেট্রো ব্যাংকসটাউন থেকে শহর অভিমুখে ৪৫টি ট্রেন সার্ভিসে ১৭,০০০ এর অধিক আসনের ব্যবস্থা করবে।

১৭,০০০
এর অধিক আসন

### মানোন্নয়ন চলাকালে পরিবহণ

অধিকাংশ নির্মাণ কাজ চলাকালে T3 ব্যাংকসটাউন লাইন খোলা থাকবে ।

পরিকল্পিত রেলপথ অধিকরণ চলাকালে কিছু মুখ্য কাজ সম্পন্ন হবে যখন ট্রেন চলবে না, রাত সহ, সপ্তাহান্তে এবং ক্রিসমাসের স্কুল অবকাশ চলাকালে অতিরিক্ত রেলপথ অধিকরণ হবে।

প্লাটফর্মের স্ক্রীন ফটক স্থাপন ও কার্যকারিতা যাচাই এবং রেলপথ সম্পাদনসহ মানোন্নয়ন সম্পন্ন করতে একটি চূড়ান্ত তিন থেকে ছয় মাসের অধিকরণ ব্যবহার করা হবে।

অস্থায়ী বাস সার্ভিস জনসাধারণকে আনা-নেয়া করতে থাকবে।

OPEN

### উঁচুতে কদম ফেলা এবং মধ্যস্থিত ফাঁকা জায়গা

সিডনী মেট্রো ব্যবস্থায় প্ল্যাটফর্ম ও ট্রেনের মাঝে প্রবেশ পথ সমতল থাকবে।

বর্তমান প্লাটফর্মগুলো ১৯শতকে তৈরি করা হয়েছিল যখন বাষ্প চালিত ট্রেন ব্যাংকসটাউন লাইন ব্যবহার করতো।

সিডনী মেট্রো ফাঁকা স্থান কমাবে এবং উঁচুতে কদম ফেলে ট্রেনে প্রবেশ দূর করবে যা কিছু স্টেশনে প্রচলিত।

### ব্যাংকসটাউন সীমানার বাইরে

ব্যাংকসটাউনের পশ্চিমের স্টেশন গুলিতে সিডনী ট্রেন সার্ভিস প্রদান করতে থাকবে।

### রেল চলাচলের পথ

সিডনী›র নতুন মেট্রো ট্রেন বর্তমানে বিদ্যমান রেল চলাচলের পথ ব্যবহার করবে । শুধু মাত্র কিছু অংশে চলাচলের পথ পুনঃস্থাপনের প্রয়োজন পড়বে যাতে সিডনী মেট্রো ট্রেন গুলি নিরাপদে ও দক্ষভাবে চলাচল করতে পারে।

### ভাড়া

সিডনী'র অবশিষ্ট সরকারী পরিবহণ ব্যবস্থার মতোই, সিডনী মেট্রো ওপাল টিকেট ব্যবহার করে আর ভাড়া নির্ধারণ করে এনএসডব্লিউ সরকার।

# মানোন্নয়কৃত ব্যাংকসটাউন লাইনের প্রধান বৈশিষ্ট্য সমূহ

- ব্যস্ততম সময়ে প্রতি চার মিনিটে শীতাতপ নিয়ন্ত্রিত মেট্রো ট্রেন
- লিফটসহ সম্পূর্ণ ব্যবহারযোগ্য স্টেশন
- উন্নততর সিসিটিভি নজরদারি, প্লাটফর্ম স্ক্রীন ফটক, ট্রেনের পাটাতনের সাথে মেলানো প্লাটফর্মের সমতল
- সকল ট্রেন এলাকার সকল স্টেশনে থামছে - সঠিক ট্রেনটির জন্য কোনো অপেক্ষা নেই
- অধিক সংখ্যক ট্রেন সার্ভিসের কারণে কম অপেক্ষমান সময়
- ব্যস্ততম ও সর্বনিম্ন ব্যস্ত সময়ে T3 ব্যাংকসটাউন লাইন বরাবর মুখ্য কেন্দ্র গুলোর মধ্যে নিরাপদ ও দক্ষ সংযোগ
- মুখ্য কর্মসংস্থান ও শিক্ষা পরিসীমায় হ্রাসকৃত ভ্রমণ কাল




সিডনী মেট্রো স্টেশনের নমুনা নকশা


## সেন্ট্রাল স্টেশনে সময় সাশ্রয়

দ্রুততম এবং অধিক সংখ্যক ট্রেন সার্ভিস মানে হচ্ছে সিডনী মেট্রো সপ্তাহে হয়তো আপনার ৭৫ মিনিট পর্যন্ত সময় সাশ্রয় করতে পারবে।

| | এখন | সিডনী মেট্রো | সাশ্রয় | ৫ দিন ভ্রমণের জন্য প্রতি সপ্তাহে সাশ্রয় |
|---|---|---|---|---|
| ব্যাংকসটাউন | ৩৫ পর্যন্ত | ২৮ | ৭ পর্যন্ত | 01:15 |
| পাঞ্চবৌল | ৩২ পর্যন্ত | ২৬ | ৬ পর্যন্ত | 01:00 |
| উইলি পার্ক | ৩০ পর্যন্ত | ২৪ | ৬ পর্যন্ত | 01:00 |
| লাকেম্বা | ২৮ পর্যন্ত | ২২ | ৬ পর্যন্ত | 01:00 |
| বেলমোর | ২৫ পর্যন্ত | ২০ | ৫ পর্যন্ত | 00:50 |
| ক্যাম্পসি | ২৩ পর্যন্ত | ১৮ | ৫ পর্যন্ত | 00:50 |
| ক্যান্টারবেরি | ২০ পর্যন্ত | ১৬ | ৪ পর্যন্ত | 00:40 |
| হার্লস্টোন পার্ক | ১৯ পর্যন্ত | ১৪ | ৫ পর্যন্ত | 00:40 |
| ডালুইচ হিল | ১৬ পর্যন্ত | ১২ | ৪ পর্যন্ত | 00:40 |
| ম্যারিকভিল | ১৩ পর্যন্ত | ১০ | ৩ পর্যন্ত | 00:35 |
| সিডেনহ্যাম | ১১ পর্যন্ত | ৭ | ৪ পর্যন্ত | 00:35 |


লক্ষ্য করুন: সময় সমূহ মিনিটে আর প্রতি সপ্তাহে বাঁচানো সময় ঘন্টায়: মিনিট

## প্রতি ঘন্টায় ব্যাংকসটাউন লাইনে অধিক ট্রেন




লক্ষ্য করুন: সকাল বেলার ব্যস্ততম সময়ে সিটির দিকে

## সিবিডিতে সহজ সংযোগ




## সিটি সার্কেলে প্রবেশ

ব্যাংকসটাউন লাইনের সিডনী মেট্রো T3 এর গ্রাহকগণ সিডনী ট্রেন সার্ভিসে স্থানান্তরিত হওয়ার মাধ্যমে সিটি সার্কেলে যাতায়াত চালিয়ে যেতে পারবেন। বিকল্প হিসেবে, মার্টিন প্লেস ও পিট্ স্ট্রিট মেট্রো স্টেশন দুটো সেন্ট জেমস ও মিউজিয়াম স্টেশন হতে মাত্র ৩৫০ মিটার দূরে।

## আর্সকাইনভিল ও সেন্ট পিটার্স

২০১৭ এর ট্রেন সময়সূচির সূচনাতে, সেন্ট পিটার্স ও আর্সকাইনভিল স্টেশনে সকাল বেলার ব্যস্ততম সময়ে শহরের দিকে ঘন ঘন ট্রেন সেবা রয়েছে, যার মধ্যে রয়েছে সেন্ট পিটার্সে ঘন্টায় ৮টি ট্রেন আর আর্সকাইনভিলে ঘন্টায় ৬টি ট্রেন।

যখন ২০২৪ সালে সিডনী মেট্রো চালু হবে, সিডনী ট্রেন সেন্ট পিটার্স ও আর্সকাইনভিল স্টেশনে সার্ভিস চালিয়ে যাবে।

সিডনী মেট্রো মুখ্য কর্মসংস্থান এবং বারাঙ্গারু, নর্থ সিডনী, চ্যাটসউড ও ম্যাকোয়েরী বিশ্ববিদ্যালয়ের মতো পরিসীমায় নতুন ও সরাসরি প্রবেশের দ্বার উন্মোচন করবে।

সেন্ট পিটার্স ও আর্সকাইনভিলের গ্রাহকগণ সেন্ট্রালের দিকে একটি ট্রেন ধরে এবং মেট্রোর সঙ্গে যুক্ত হয়ে এ সমস্ত এলাকায় গমন করতে পারবেন।

# শহর ও দক্ষিণ-পশ্চিম




## সামাজিক তথ্য অধিবেশন

এই প্রকল্পে যে পরিবর্তন আনা হয়েছে তা একটি উপস্থাপনা পত্র এবং পছন্দসই অবকাঠামো সংক্রান্ত প্রতিবেদনে উল্লেখ করা হবে। এই প্রতিবেদন জুনের মাঝামাঝি সময় হতে প্রদর্শনীতে যাবে।

নাগরিকগণ **sydneymetro.info** তে আরো অধিক তথ্য পেতে পারেন অথবা আমাদের একটি নাগরিক তথ্য অধিবেশনে স্বশরীরে আগমন করতে পারেন যেখানে প্রকল্পের বিশেষজ্ঞ সদস্যগণ প্রশ্নের উত্তর দেয়ার জন্য উপস্থিত থাকবেন।

বুকিং এর কোনো প্রয়োজন নেই

| তারিখ ও সময় | স্থান |
|---|---|
| শনিবার<br>২৩ জুন ২০১৮ সকাল ১০টা - দুপুর ২টা | ক্যান্টারবেরি ব্যাংকসটাউন আর্ট সেন্টার<br>৫ অলিম্পিক প্যারেড ব্যাংকসটাউন |
| মঙ্গলবার<br>২৬ জুন ২০১৮ বিকেল ৩টা - সন্ধ্যা ৭টা | ক্যান্টারবেরি-হার্লস্টোন পার্ক আরএসএল ক্লাব<br>২০-২৬ ক্যান্টারবেরি রোড হার্লস্টোন পার্ক |
| শনিবার<br>৩০ জুন ২০১৮ সকাল ১০টা - দুপুর ২টা | ম্যারিকভিল টাউন হল<br>৩০৩ ম্যারিকভিল রোড ম্যারিকভিল |
| বুধবার<br>৪ জুলাই ২০১৮ বিকেল ৩টা - সন্ধ্যা ৭টা | ক্যান্টারবেরি লীগ ক্লাব<br>২৬ ব্রীজ রোড বেলমোর |

© সিডনী মেট্রো ২০১৮ ১৮১১৫-সিএসডব্লিউ ০৬.১৮

## ব্যাংকসটাউন লাইনের ঐতিহ্য

T3 ব্যাংকসটাউন লাইনের সমৃদ্ধ ঐতিহ্য রয়েছে। ঐতিহাসিক দলিল হতে দেখা যায় যে এটা ১০৮ - ১২২ বছর পুরোনো, সিডেনহ্যাম ও বেলমোরের মাঝে স্টেশনগুলো চালু হয়েছিল ১৮৯৫ সালে এবং ব্যাংকসটাউন পর্যন্ত লাইন সম্প্রসারণ করা হয়েছিল ১৯০৯ সালে।

প্রতিটি স্টেশনের ঐতিহ্যগত দালান গুলো সংরক্ষণ করা হবে এবং পুনঃ ব্যবহার করা হবে। ওভারহেড বুকিং অফিস, জনতা ও প্লাটফর্ম বিল্ডিং এ লিপিবদ্ধ সকল ঐতিহ্য এর অন্তর্ভুক্ত।

প্রায় সকল স্টেশনে তালিকাবদ্ধ ঐতিহ্যগত প্লাটফর্মগুলি এখন পুনঃ সমতল করা হবে, এবং ব্যাংকসটাউনের ঐতিহ্যগত প্লাটফর্ম গুলোতে ছোটোখাটো সমন্বয় আনা হবে।.




ম্যারিকভিল স্টেশন ১৮৯৫

যদি আপনার একজন দোভাষীর সাহায্যের দরকার হয়, তাহলে অনুগ্রহ করে অনুবাদ ও দোভাষী সেবা কর্তৃপক্ষকে ১৩১৪৫০ নম্বরে যোগাযোগ করুন এবং তাদেরকে ১৮০০ ১৭১ ৩৮৬ নম্বরে সিডনী মেট্রোকে কল করতে বলুন। দোভাষী তখন আপনাকে অনুবাদে সহযোগিতা করবেন।